



খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা



০৬ অক্টোবর ২০২১

খুলনা/এইচআরএম-৯০/৪৯৪

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌ বাহিনী কর্তৃক পরিচালিত খুলনা শিপইয়ার্ড লিঃ এর বিভিন্ন শপ/শাখায় সম্পূর্ণরূপে অস্থায়ীভাবে (দৈনিক ভিত্তিক) নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগ করা হবে :

ক্রঃ নং	পদ	সংখ্যা	শাখা	ন্যূনতম যোগ্যতা (অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতা)	কাজের ধরন
ক।	গাড়ী চালক (ভারী)	০১ জন	যানবাহন শাখা	অষ্টম শ্রেণি পাশসহ বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ভারী লাইসেন্সধারী এবং ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
খ।	কম্পাউন্ডিং ওয়ার্কার	০২ জন	রাবার ফ্যাক্টরী	ক। ন্যূনতম এসএসসি পাশ।	রাবার কম্পাউন্ডিং তৈরী ও মিক্সিং করার জন্য রোলার, নিডার, ব্যানবারি ও ক্যালেন্ডার মেশিন চালনা করা।
গ।	ভাল্কানাইজিং ওয়ার্কার	০৫ জন		খ। রাবার ফ্যাক্টরী/ ইন্ডাস্ট্রিতে কাজের অভিজ্ঞতাসম্পন্ন এবং রাবার মিক্সিং, রোলিং, নিডার, ভালকানাইজিং মেশিন চালানো, লেদ মেশিন চালানো ও ক্যামিক্যাল মিক্সিং কাজে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার শিথিলতা এবং অগ্রাধিকার প্রদান করা হবে।	হাইড্রোলিক প্রেস মেশিন চালনা করা ও রাবার প্রোডাক্ট তৈরী করা।
ঘ।	প্রিফরমিং ও ট্রিমিং ওয়ার্কার	০১ জন		(ক) রাবার স্ট্রীপ কাটার, স্যান্ড ব্লাস্টিং মেশিন চালনা করা। (খ) ট্রিমিং ও প্রোডাক্ট ফিনিশিং করা।	
ঙ।	গ্রাইন্ডার	০১ জন		(ক) গ্রাইন্ডিং মেশিন চালনা করা। (খ) রাবার ও মেটাল ফিনিশিং করা।	
চ।	মেশিনিস্ট	০১ জন		(ক) লেদ মেশিন পরিচালনা করা। (খ) ড্রিল মেশিন পরিচালনা করা।	

২। শর্তাবলী :

ক। আগ্রহী প্রার্থীগণকে খুলনা কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম খুলনার ওয়েবসাইট www.khulnashipyard.com অথবা সরাসরি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন হতে সংগ্রহ করা যাবে।

খ। বর্ণিত ক নং পদের জন্য টাকা ২০০/- (দুইশত) "খুলনা শিপইয়ার্ড এমপ্লয়ীজ ওয়েলফেয়ার ফান্ড, খুলনা" এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারসহ আবেদন করতে হবে। এছাড়া খ হতে চ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ টাকা ৫০/- (পঞ্চাশ) নগদ (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশনে) জমা করতঃ কাশ মেমো গ্রহণ সাপেক্ষে আবেদন জমা করতে হবে।

গ। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/ নাগরিকত্ব সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (সত্যায়িত ফটো কপি) ও সদ্য তোলা রসিন পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। (মৌখিক সাক্ষাৎকার এর সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার মূল সনদ অবশ্যই সাথে আনতে হবে।

ঘ। বর্ণিত ক নং পদের জন্য প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ২৪ অক্টোবর ২০২১ তারিখ রোজ রবিবার বিকাল ১৭০০ ঘটিকার মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ পৌঁছাতে হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে চিঠি/ মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে। এছাড়া খ হতে চ নং পদের জন্য প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ২৪ অক্টোবর ২০২১ তারিখ রোজ রবিবার সকাল ০৮৩০ ঘটিকার মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ পৌঁছাতে হবে অথবা ঐ দিন সরাসরি আবেদন পত্রসহ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য উপস্থিত হতে হবে।

ঙ। প্রার্থীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এক্সিডেন্ট গ্রহণযোগ্য নয়। তবে অভিজ্ঞ/ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

চ। বেতন প্রতিষ্ঠানের কাঠামো অনুযায়ী আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

ছ। অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

জ। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরৎ দেয়া হবে না।

মোঃ কামরুজ্জামান
ম্যানেজার (এ্যাডমিন)
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

ইশিয়ারি : চাকুরীর ব্যাপারে কোন অসৎ ব্যক্তির সহিত আর্থিক সংযোগ করে প্রতারণা হবেন না।